চ্যাম্পিয়নস লিগের গোল উদযাপনেও ইউক্রেন–রাশিয়া যুদ্ধ

গণমাধ্যমে খবরের শিরোনামে রাশিয়া ও ইউক্রেনের যুদ্ধ পরিস্থিতি। দুই প্রেসিডেন্ট ভোলোদিমির জেলেনস্কি ও ভ্লাদিমির পুতিন একে অপরকে হুঙ্কার দিয়ে যাচ্ছেন।

এসব খবরে যখন উত্তপ্ত গোটা বিশ্ব তখন রাশিয়া-ইউক্রেন সংকট চলে এল ফুটবলের মাঠেও।

লিসবনে বুধবার রাতে চ্যাম্পিয়নস লিগে মাঠের লড়াইয়ে জেতেনি কোনো দলই। ২-২ গোলে ড্র নিয়ে মাঠ ছাড়ে আয়াক্স বা বেনফিকা।

দল না জিতলেও এদিন সমতাসূচক গোল করে ঠিকই নিজ দেশের সমর্থকদের হৃদয় জিতলেন ইউক্রেনের ইয়ারেমচুক।

গোল করেই গায়ের জার্সিটা খুলে ফেলেন বেনফিকার এ তারকা স্ট্রাইকার। তখনই জার্সির নিচে পরে থাকা তার টি-শার্টটি দৃশ্যমান হয়। তাতে আঁকা ছিল ইউক্রেনের জাতীয় প্রতীক। গত ১০০ বছর ধরে প্রতীকটি ব্যবহার করে আসছে দেশটি।

গোলে উদ্যাপনে এই প্রতীক দেখাতেই জার্সি খুলেন ইয়ারেমচুক। মূলত চলমান যুদ্ধংদেহী পরিস্থিতিতে ইউক্রেনের প্রতি সমর্থন জানালেন দেশটির জাতীয় দলের খেলোয়াড়।

এমন স্পর্শকাতর উদ্যাপনের জন্য অবশ্য শাস্তিও পেয়েছেন ইয়ারেমচুক। মাঠেই তাকে হলুদ কার্ড দেখান রেফারি।

গোটা ম্যাচই ছিল ফুটবলের দারুণ এক যুদ্ধ। আক্রমণ, পাল্টা আক্রমণ, গোল, পাল্টা গোল-রোমাঞ্চে ভরপুর ছিল ম্যাচটি। তবে সবকিছু ছাপিয়ে বেনফিকা-আয়াক্স ম্যাচ শেষে আলোচনায় ইয়ারেমচুকের উদযাপন ও রশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতি।

ম্যাচের ১৮ মিনিটেই তাদিচের গোলে এগিয়ে যায় আয়াক্স। ২৬ মিনিটে সেবাস্তিয়েন হলারের আত্মঘাতী গোলে সমতায় ফেরে বেনফিকা। তবে ২৯ মিনিটে ফের দলকে এগিয়ে দেন হলারই। ৭২ মিনিটে রোমান ইয়ারেমচুকের গোলে ড্র নিয়ে মাঠ ছাড়ে বেনফিকা।

১৯৯৫ সালে ইউক্রেনের লেভিভ শহরে জন্ম ইয়ারেমচুকের। সাত বছর বয়সে সেখানকার ক্লাব কারপাতি লেভিভের যুব দলে শুরু হয় তার ফুটবল ক্যারিয়ার। প্রশিক্ষণের ৫ বছর পর তিনি নাম লেখান দিনামো কিয়েভের যুব দলে। ২০১২ সালে দিনামোর সিনিয়র দলে অভিষেক ঘটে।
দিনামো থেকে বেলজিয়ামের ক্লাব জেন্ত হয়ে গত বছর ইয়ারেমচুক বেনফিকায় নাম লেখান।

টাইগারদের সম্ভাব্য একাদশ

করোনা মহামারির ধকল কাটিয়ে ৭ মাস পর আন্তর্জাতিক ক্রিকেটে ফিরছেন মাহমুদউল্লাহরা। আজ আফগানিস্তানের বিপক্ষে বেলা ১১ টায় চট্টগ্রামের জহুর আহমেদ স্টেডিয়ামে প্রথম ওয়ানডে। তিন ম্যাচ সিরিজের প্রথমটি নিয়ে দুদলের খেলোয়াড়দের মধ্যেই বাড়তি উত্তেজনা কাজ করছে।

সিরিজটি আইসিসি ওয়ানডে সুপার লিগের অংশ। প্রতিটি জয়ই এখানে গুরুত্বপূর্ণ।

১২ ম্যাচে আট জয়ে বাংলাদেশ (৮০ পয়েন্ট) রয়েছে পয়েন্ট টেবিলের দ্বিতীয় স্থানে। সিরিজ জিততে পারলেই ইংল্যান্ডকে (৯৫ পয়েন্ট) টপকে শীর্ষে উঠে যাবেন তামিমরা। ছয় ম্যাচে ছয় জয়ে আফগানিস্তান ৬০ পয়েন্ট নিয়ে রয়েছে ষষ্ঠ স্থানে।

বাংলাদেশ আজ পূর্ণশক্তি নিয়েই মাঠে নামার জন্য প্রস্তুত। স্কোয়াডে বেশ কিছু ইনফর্মার তরুণ খেলোয়াড়ও জায়গা পাচ্ছেন। এই ম্যাচে অভিষেক হতে পারে মাহমুদুল হাসান জয় বা ইয়াসির আলী রাব্বির মধ্যে দুজনের একজনের।

ওয়ানডে র্যাং কিংয়ে বাংলাদেশের সেরা বোলার মেহেদী হাসান মিরাজ স্পিনে নেতৃত্ব দেবেন। তাকে সঙ্গ দেবেন অলরাউন্ডার সাকিব আল হাসান। মাহমুদউল্লাহ রিয়াদ ও আফিফ হোসেন ধ্রুবও স্পিন বিষে আফগানদের নীল করতে চাইবেন।

আর পেস আক্রমণে মোস্তাফিজ আহমদের সঙ্গে থাকছেন তাসকিন আহমেদ।

তাদের সঙ্গে শরিফুল ইসলামকেও দেখা যেতে পারে।
ব্যাটিংয়ে অধিনায়ক তামিম ইকবালের সঙ্গে ওপেনিংয়ে দেখা যাবে লিটন দাসকে। তিন নম্বরে যথারীতি সাকিবই থাকছেন।

উইকেটরক্ষকের ভূমিকায় মুশফিকুর রহিমেরই থাকার কথা রয়েছে। ইয়াসির ও জয়ের মধ্যে যাকে দলে নেওয়া হবে তাকে ব্যাটিং অর্ডারের পাঁচ নম্বরে রাখার কথা আগেই জানিয়েছেন অধিনায়ক। ছয়ে যথারীতি খেলবেন মাহমুদউল্লাহ

একনজরে দুই দলের সম্ভাব্য একাদশ
বাংলাদেশ: তামিম ইকবাল (অধিনায়ক), লিটন দাস, সাকিব আল হাসান, মুশফিকুর রহিম (উইকেটরক্ষক), মাহমুদুল হাসান জয়/ইয়াসির আলী চৌধুরী রাব্বি, মাহমুদউল্লাহ রিয়াদ, আফিফ হোসেন ধ্রুব, মেহেদী হাসান মিরাজ, মুস্তাফিজুর রহমান, তাসকিন আহমেদ ও শরিফুল ইসলাম।

আফগানিস্তান: রহমানউল্লাহ গুরবাজ (উইকেটরক্ষক), রিয়াজ হাসান, রহমত শাহ, হাশমতউল্লাহ শহিদি (উইকেটরক্ষক), নাজিবউল্লাহ জাদরান, মোহাম্মদ নবী, রশিদ খান, মুজিব উর রহমান, ইয়ামিন আহমাদজাই, ফরিদ আহমেদ ও ফজলহক ফারুকি।

ধোনির এক পরামর্শেই বদলে গেছে চাহারের ক্যারিয়ার

চারবারের ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) চ্যাম্পিয়ন হয়েছে চেন্নাই সুপার কিংস। এমএস ধোনি হচ্ছেন এই দলের অধিনায়ক। এবার ধোনির প্রশংসা করেছেন ভারতীয় ক্রিকেটার দীপক চাহার। এবার চেন্নাই সুপার কিং চাহারকে দলে ফেরাতে ব্যয় করেছে ১৪ কোটি টাকা।

ভারতীয় সংবাদমাধ্যম জিনিউজে দেওয়া এক সাক্ষাৎকারে চাহার জানান, তিনি বোলার হিসেবেই পরিচিত, কিন্তু ব্যাটিং করতেন, বলের থেকেও ভালো। ধোনির পরামর্শেই ফের চাহার ব্যাটিংয়ে মনোযোগ দেন। আজ ভারতীয় দলে শার্দুল ঠাকুর ও দীপক চাহার এমন দুই বোলার, যারা প্রয়োজনে ব্যাট হাতেও জ্বলে উঠতে পারেন।

ইউটিউব চ্যানেলে দেওয়া সাক্ষাৎকারে চাহার বলেন, একদিন ধোনি ভাই আমাকে এসে বলেন, বল হাতে তুমি ভালো কাজ করেছ, কিন্তু ব্যাটিংয়ে সুবিচার করোনি। আমার মনে হয়, তোমার ব্যাট করা উচিত। মাহি ভাই যেদিন অবসর ঘোষণা করেন, সেদিনই এই কথাটা আমাকে বলেছিলেন। সন্ধ্যায় বসে আমরা কথা বলছিলাম, তখনই আমাকে ব্যাটিংয়ে ফোকাস করতে বলেন।

তিনি বলেন, ২০১৭-১৮ সালে তিনি আরও ভালো ব্যাটার ছিলেন। বোলিংয়ের থেকে তার ব্যাটিংয়ে ফোকাস বেশি ছিল। কিন্তু বিদেশ সফরে গিয়ে তিনি সুইং বোলার হিসেবে উঠে এলেন, ব্যাটিং ঢাকা পড়ে গেল। আর চাহারকে এখন বোলার হিসেবেই চেনে ক্রিকেটবিশ্ব।

চাহার বলেন, আমি সেই তরুণ বয়স থেকেই ব্যাটিং করছি। অলরাউন্ডার হওয়ার ইচ্ছা তখন থেকেই। বাড়িতে থাকতাম সেই সময়টায়। বেশি করে ব্যাটিং অনুশীলন করতাম। ঘটনাচক্রে তখন আমার বেশি ফোকাস থাকত ব্যাটিংয়েই। কারণ বল করায় সীমাবদ্ধতা ছিল। বেশি বল করলে শরীরে চাপ পড়ত।

চাহার আরও বলেন, এর পর আমি যখন রাইজিং পুনে সুপার জায়ান্টসের হয়ে খেলি, তখন বুঝতে পারি বোলিংয়ের থেকে আমার ব্যাটিং ভালো। কিন্তু এর পর থেকে বিদেশের মাটিতে ব্যাট হাতে সেভাবে পারফর্ম করার সুযোগ পেলাম না। ব্যাটিং প্র্যাকটিসও কমে গেল। প্রথম শ্রেণির ক্রিকেটে যারা মূলত ব্যাটার ছিল, তারা বেশি সময় পেত। ফলে ব্যাটিংয়ে যে স্বাচ্ছন্দ্য ছিল, সেটি কোথাও গিয়ে ধাক্কা খায়।

চাহার দেশের হয়ে এখনও পর্যন্ত সাতটি ওয়ানডে ম্যাচ খেলেছেন। পাঁচ ইনিংস ব্যাট করে ১৭৯ রান করেছেন। এর মধ্যে দুটি ফিফটি রয়েছে। সর্বোচ্চ এক ইনিংসে করেছেন ৬৯ রান। বুঝিয়েছেন যে, তার মধ্যে ব্যাটার চাহারও বিরাজমান। আইপিএলে ৬৩ ম্যাচে নিয়েছেন ৫৯ উইকেট।

বাংলাদেশ-আফগানিস্তান সিরিজের

টিকিট কিনবেন যেভাবে

আফগানিস্তানের বিপক্ষে ওয়ানডে ও টি-টোয়েন্টি সিরিজে দর্শক থাকছে। নির্দিষ্ট আসনের ৫০ শতাংশ দর্শক মাঠে প্রবেশ করাতে সরকারের সঙ্গে আলোচনা করছে বিসিবি।

তবে পূর্ণ দর্শক উপস্থিতিতেও হতে পারে ম্যাচ। কারণ ২২ ফেব্রুয়ারির পর আর কোনো বিধিনিষেধ থাকছে না। যে কারণে টিকিটও বিক্রি করা হবে বাংলাদেশ-আফগানিস্তান সিরিজে। বিপিএলের প্লে-অফ পর্ব থেকে মাঠে দর্শক ফেরানোর কার্যক্রম শুরু হয়। তবে প্রকাশ্যে টিকিট বিক্রি হয়নি।

বিপিএল ফ্রাঞ্চাইজিদের কাছে টিকিট দিয়েছিল বিসিবি, সেখান থেকে সংশ্লিষ্ট দলের ভক্তরা খেলা দেখতে মাঠে এসেছিলেন। ৩ থেকে ৪ হাজার দর্শক বিপিএলের খেলা দেখতে পেরেছিল।

আফগানিস্তান সিরিজে প্রকাশ্যে টিকিটি বিক্রি হবে বলে জিনিয়েছেন বিসিবির মিডিয়া কমিটির চেয়ারম্যান তানভীর আহমেদ টিটু। বিসিবির নির্ধারিত বুথ থেকে টিকিট কিনে খেলা দেখতে পারবেন দর্শকরা। তবে কত পরিমাণ টিকিট ছাড়া হবে সে সংখ্যা উল্লেখ করেনি বিসিবি।

বিসিবি জানিয়েছে, আগামীকাল (মঙ্গলবার) থেকে টিকিট বিক্রি শুরু হবে। সাগরিকার বিটাক মোড়ে অবস্থিত বিসিবির বুথ থেকে ছাড়া হবে টিকিট। সকাল ৯টা থেকে শুরু করে ম্যাচের আগ পর্যন্ত টিকিট বিক্রি করা হবে। তবে নির্ধারিত টিকিট শেষ হয়ে গেলে বিক্রি বন্ধ হয়ে যাবে।

টিকিটের মূল্য ধরা হয়েছে: রুফটপ – এক হাজার টাকা, ইন্টারন্যাশনাল স্ট্যান্ড ৫০০ টাকা, ক্লাব হাউজ ৩০০ টাকা এবং ইস্টার্ন স্ট্যান্ড ১৫০ টাকা করে।

চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে ২৩ ফেব্রুয়ারি সকাল ১১টায় শুরু হবে ম্যাচ। ২৫ এবং ২৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে দ্বিতীয় এবং তৃতীয় ম্যাচ।

পেনাল্টি মিস নেইমারের, ব্যর্থ মেসি-এমবাপ্পে

উড়ন্ত পিএসজিকে মাটিতে নামাল নান্তেস। নিজের ৮০০তম ম্যাচে ব্যর্থ হলেন লিওনেল মেসি।

প্রথমার্ধেই পিএসজির জালে তিনবার বল জড়িয়ে দিল নান্তেস। দ্বিতীয়ার্ধে এক গোল শোধ করলেও নেইমারের পেনাল্টি মিসে ব্যবধান কমানো হলো না। সুযোগ পেয়েও তা কাজে লাগাতে ব্যর্থ হলেন মেসি ও এমবাপ্পে। সব মিলিয়ে ৩-১ গোলের বড় ব্যবধানে হার নিয়েই মাঠ ছাড়তে হয়েছে পিএসজিকে।

শনিবার রাতে প্রতিপক্ষের মাঠে এভাবেই নাস্তানাবুদ হয়েছে প্যারিসের তারকানির্ভর দলটি। এতে অবশ্য মাথা হেট হওয়ার নয় কোচ মাওরোসিও পচেত্তিনোর। কারণ লিগ ওয়ানে ১৫ ম্যাচ পর এটি তাদের প্রথম হার। এই মৌসুমে তাদের আগের হারটি রেনের বিপক্ষে। তবে আক্ষেপ থাকতেই পারে। নান্তেসের সঙ্গে সর্বশেষ দেখায় মেসির গোলে একই ব্যবধানের জয় পেয়েছিল পিএসজি।

ম্যাচ শুরুর পর ৪ মিনিটেই এগিয়ে যায় নান্তেস। পাল্টা আক্রমণে সতীর্থের পাসে ডি-বক্সে কোলো মুয়ানির শট কেইলর নাভাসের দুই পায়ের ফাঁক দিয়ে জালে জড়ায়। এর ৫ মিনিট পর মেসির শট ঠেকিয়ে দেন লাফু। ১৬তম মিনিটে ব্যবধান বাড়ান মেরলিন। ২ গোলের লিড নেয় নান্তেস।

৪৪ তম মিনিটে লালকার্ড দেখেন ডেনিস। এমবাপ্পেকে পেছনে টেনে ধরায় এ শাস্তি পান নান্তেস ডিফেন্ডার। তবে ভিএআরে সেটি বদলে হয় হলুদকার্ড। ১০ জনের দলে আর পরিণত হতে হয়নি নান্তেসকে।

সেই খুশিতেই কিনা প্রথমার্ধের যোগ করা সময়ে ৩-০ গোলে এগিয়ে যায় নান্তেস। ডিবক্সের ভেতরে জর্জিনিও উইজানাল্ডমের হাতে বল লাগলে পেনাল্টি পায় নান্তেস। সফল স্পট কিকে স্কোরলাইন ৩-০ করেন লুদোভিচ ব্লাস।

৩ গোলে পিছিয়ে থেকে দ্বিতীয়ার্ধ শুরু করে পিএসজি।

মাঠে নেমেই গোল পান নেইমার। মেসির দারুণ পাস ডি-বক্সে পেয়ে এক

ডিফেন্ডারকে কাটিয়ে গোলটি করেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। ৫৭তম মিনিটে প্রতিপক্ষের ডি-বক্সে এমবাপ্পে ফাউলের শিকার হলে পেনাল্টি পায় পিএসজি। কিন্তু নেইমারের দুর্বল শট সহজেই ঠেকিয়ে দেন নান্তেসের গোলরক্ষক।

শেষ দিকে আরও দুটি সহজ সুযোগ মিস করে এমবাপ্পে ও মেসি দুজনেই। ফলে রেফারির শেষ বাঁশি পরাজয়ের গ্লানি নিয়েই মাঠ ছাড়তে হয় পিএসজিকে।

এ হারের পরও লিগ টেবিলে এখনও শীর্ষেই আছে পিএসজি। ২৫ ম্যাচে ৫৯ পয়েন্ট তাদের। এক ম্যাচ কম খেলে ৪৬ পয়েন্ট নিয়ে দুইয়ে মার্শেই।

চরম হতাশ হয়ে যা বললেন সুজন

ফাইনালের মতো ফাইনাল হলো। এক কথায় অবিশ্বাস্য ম্যাচ। এক দলের নাটকীয় জয়, আরেক দলের তীরে এসে তরী ডুবল।

ম্যাচের আগে দুই দলের কোচ বলেছিলেন, গুরুত্বপূর্ণ সময়ে যে দল নিজেদের স্নায়ু ধরে রাখতে পারবে- তারাই জিতবে।

আর সেটাই ঘটেছে বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) ফাইনালে। শেষ ৩ ওভার ছিল উত্তেজনায় ঠাসা। স্নায়ুচাপে ভেঙে পড়ার মতো অবস্থা।

সেখানে স্নায়ুচাপকে সামলে নিয়ে মাত্র ১ রানে জয়ী হলো কুমিল্লা ভিক্টোরিয়ান্স।

৫ উইকেট হাতে থাকার পর শেষ ১৮ বলে ১৮ রান করতে গিয়েও পারেনি ফরচুন বরিশাল। বিষয়টিতে চরম হতাশ হয়েছেন দলটির কোচ খালেদ মাহমুদ সুজন।

সুজন বলেন, ‘আমরা যেখানে থেকে হেরেছি, সেখান থেকে হারার কথা নয়। এটা চরম ব্যর্থতা। এই না পারার কোনো অজুহাত নেই। শেষ ২ ওভারে বাউন্ডারি বের করতে না পারলে দল জিতবে কী করে? সোজা কথা হলো, আমরা এই জায়গায় পারি না। বারবার এমন পরিস্থিতিতে আমরা ব্যর্থ হচ্ছি। এটা আজ (শুক্রবার) আবার প্রমাণ হলো যে আমাদের ক্রিকেট

সেভাবে আগায়নি। আমরা একই জায়গায় গিয়ে আটকে আছি।’

জৈব সুরক্ষা বলয় ভেঙে বিজ্ঞাপনের শুটিংয়ে সাকিব

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) অধিনায়ক হিসেবে সবচেয়ে বেশি চারবার শিরোপা জেতার রেকর্ড মাশরাফি বিন মুর্তজার। ইমরুল কায়েসের সামনে আজ দ্বিতীয়বার শিরোপা উঁচিয়ে ধরার সুযোগ।

তবে সেটি কি হতে দেবেন ফরচুন বরিশালের অধিনায়ক সাকিব আল হাসান? ৩৩ ম্যাচের পর আজ সে উত্তর জানা যাবে। আজ ফাইনালে মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বিকাল সাড়ে ৫টায় মুখোমুখি হবে বরিশাল ও কুমিল্লা।

এ নিয়ে যখন দেশের ক্রিকেটপ্রেমীদের মাঝে উন্মাদনা চলছে, তখন নিয়মের তোয়াক্কা না করে শুটিংয়ে ব্যস্ত ছিলেন সাকিব।

ফাইনালের আগের দিন অর্থাৎ বৃহস্পতিবার আনুষ্ঠানিক ট্রফি উন্মোচনের অফিসিয়াল ফটোসেশন আর প্রেস কনফারেন্সে হাজির হননি বরিশালের অধিনায়ক।

কনফারেন্সে পাঠানো হয় দলের উইকেটকিপার নুরুল হাসান সোহানকে। সেই সময় জানা গিয়েছিল, পেটের পীড়ায় ভুগছেন সাকিব। তাই প্রেস কনফারেন্সে সহঅধিনায়ককে পাঠিয়েছে বরিশাল কর্তৃপক্ষ।

কিন্তু সোহান জানালেন ভিন্নকথা। হোটেল থেকে মাঠে ফেরার পথে সাকিবকে জিমে দেখে এসেছেন তিনি। সাকিব যে অসুস্থ, সে কথা জানা ছিল না তার।

দুই রকম বক্তব্য নিয়ে যখন ধোঁয়াটে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তখন জানা গেল ফটোসেশন আর প্রেস কনফারেন্সে যোগ না দিয়ে টিভিসি শুটে ব্যস্ত সাকিব। পরিচালক অমিতাভ রেজার সঙ্গে একটি কোমল পানীয়র বিজ্ঞাপনের শুটিংয়ে নুসরাত ফারিয়ার সঙ্গে ছিলেন সাকিব।

সাকিব কী তা হলে করোনাবিধি ভঙ্গ করেছেন? জৈব সুরক্ষা বলয় ভেঙেছেন?

জানা গেল, এবারের বিপিএলে করোনাবিধি নিয়ে নেই তেমন কড়াকড়ি। ম্যানেজড ইভেন্ট এনভায়রনমেন্ট (এমইই) প্রটোকলে অনুষ্ঠিত হচ্ছে আসরটি।

তবে নিয়মানুযায়ী, জৈব সুরক্ষা বলয় ভেঙে কেউ টিম হোটেলের বাইরে গেলে তাকে করোনা নেগেটিভ সার্টিফিকেট নিয়ে দলের সঙ্গে যোগ দিতে হবে।

সাকিবের বিষয়ে প্রেস কনফারেন্সে সোহান বলেছিলেন, ‘উনি (সাকিব) জিম বা অন্য কিছু করছেন। যে কারণে তিনি আসতে পারেননি। তাই আমার এখানে আসা। আমার কাছে মনে হয় এটা ম্যানেজমেন্টের সিদ্ধান্ত। এর থেকে বেশি কিছু আমি জানি না। সকালে আমি তাকে জিমে দেখেছি। ইনশাআল্লাহ আশা করি কাল (ফাইনালে) অ্যাভেইলেবল থাকবেন।’

সাকিবের অনুপস্থিতি বা পেটের পীড়ার ব্যাপারে ফরচুন বরিশালের টিম ম্যানেজমেন্ট থেকে সরাসরি কিছু বলা হয়নি। এদিকে বিসিবির মেডিকেল বিভাগও জানে না সাকিব হোটেলের বাইরে গেছেন কিনা। এখন পর্যন্ত সাকিব আল হাসানও এ বিষয়ে মিডিয়াকে কিছু বলেননি।

তিনি আমার প্রথম ক্রিকেট কোচ ছিলেন

জাতীয় দলের সাবেক অধিনায়ক ও বিসিবি পরিচালক আকরাম খানের ছোটভাই আকবর খান আর নেই।

বাংলাদেশ ওয়ানডে দলের অধিনায়ক তামিম ইকবাল ও জাতীয় দলের সাবেক তারকা নাফিস ইকবালের চাচা আকবর খান। ক্রীড়া অনুরাগী পরিবারের সন্তান আকবর খান একসময় ক্রিকেট খেলতেন।

তামিমের ক্রিকেট জীবনের প্রথম কোচ ছিলেন আকবর খান। সে কথা জানিয়ে প্রিয় চাচাকে হারানোর বেদনায় আবেগঘন স্ট্যাটাস দিয়েছেন

তামিম।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে তামিম লিখেছেন— ‘আমার ছোট চাচা আকবর খান আজ ভোরে আমাদের সবাইকে ছেড়ে চলে গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। উনি নিজেও একসময় ক্রিকেটার ছিলেন। অনেকেই হয়তো জানেন না, আমার প্রথম ক্রিকেট কোচ ছিলেন তিনিই। ক্রিকেটের মৌলিক শিক্ষার অনেকটুকুই আমি পেয়েছিলাম তার কাছ থেকে। ক্রিকেট বলে আমার প্রথম ম্যাচটিও খেলেছিলাম তার তত্ত্বাবধানে। ক্রিকেটের পথে আজ যতদূর আসতে পেরেছি, উনি যত্ন করে ভিত গড়ে দিয়েছিলেন বলেই। মহান আল্লাহতায়ালা উনাকে জান্নাতবাসী করুন। আমার চাচা ও তার পরিবারের জন্য সবার কাছে দোয়া প্রার্থনা করছি।’

বুধবার রাত ৩টায় ইন্তেকাল করেন আকবর খান। তার বয়স হয়েছিল ৪৫ বছর।

বৃহস্পতিবার সকালে আকবর খানের মৃত্যুর খবরটি নিশ্চিত করেন আকরাম খানের স্ত্রী সাবিনা আকরাম।

তিনি জানান, দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন আকবর খান। আজ বাদ আসর চট্টগ্রাম আউটার স্টেডিয়ামে আকবর খানের জানাজা অনুষ্ঠিত হবে।

এমবাপ্পের গোলে রিয়ালকে হারাল পিএসজি

চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোয় রিয়ালকে ১-০ গোলে হারিয়েছে পিএসজি। ম্যাচের অন্তিম সময়ে এমবাপ্পে জয়সূচক একমাত্র গোলটি করেন।

আলোচিত এ ম্যাচে মেসির পেনাল্টি মিস বাদে নজর কেড়েছেন এমবাপ্পে। দীর্ঘদিন পর যেন স্বরূপে ফিরলেন ফ্রেঞ্চ তারকা।

ম্যাচের ৬১ মিনিটে কিলিয়ান এমবাপ্পেকে দানি কারভাহাল ফাউল করলে রেফারি পেনাল্টির বাঁশি বাজাতে ভুল করেননি। সেটা নিতে দেওয়া হয় পিএসজির সবচেয়ে বড় তারকা লিওনেল মেসিকে। আর্জেন্টাইন তারকার সেই

রিয়ালের বিপক্ষে কি খেলছেন নেইমার

নভেম্বরের শেষ দিকে ইনজুরিতে পড়ে মাঠের বাইরে ছিটকে গিয়েছিলেন নেইমার। বেশ কিছু সময় মাঠের বাইরে তিনি। ইতোমধ্যে ক্লাবের অনুশীলনে যোগ দিয়েছেন। আজ রিয়াল মাদ্রিদের বিপক্ষে এই ব্রাজিলিয়ান সুপারস্টার মাঠে নামতে পারেন এমন আভাস পাওয়া গেছে।

সূত্র বলছে, ইউয়েফা চ্যাম্পিয়নস লিগে নকআউট পর্বে রিয়াল মাদ্রিদের বিপক্ষে ম্যাচ দিয়ে মাঠে ফিরছেন নেইমার।

ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, ইতোমধ্যে প্যারিস সেইন্ট জার্মেইয়ের (পিএসজি) সঙ্গে অনুশীলন করেছেন নেইমার। পিএসজি বলছে, রিয়াল মাদ্রিদের বিপক্ষে ম্যাচে খেলার সম্ভাবনা আছে নেইমারের।

প্রায় তিন মাস পর মাঠে নামছেন ব্রাজিলিয়ান এই সুপারস্টার।

নেইমারের খেলার বিষয় দলের অধিনায়ক মারকিনিয়োস বলেন, ‘নেইমার ভালো আছে এবং পুরো আত্মবিশ্বাস নিয়ে আছে। সে যদি খেলে শতভাগ দিয়েই খেলবে। তবে তাকে খেলানোর সিদ্ধান্ত শুধুই কোচের।’

নেইমারের ফেরার সম্ভাবনার ম্যাচে খেলতে পারছেন না পিএসজির তারকা ডিফেন্ডার সার্হিও রামোস। ইনজুরিতে মাঠের বাইরে ছিটকে গেছেন এই তারকা। তার সাবেক ক্লাব রিয়াল মাদ্রিদের বিপক্ষে প্রথম লেগের ম্যাচে তাই দর্শক হয়ে থাকতে হচ্ছে রামোসকে।

এই ম্যাচ দিয়ে বড় পরীক্ষা দিতে হচ্ছে পিএসজির কোচ মারিসিও পচেত্তিনোর। চ্যাম্পিয়নস লিগের শিরোপা জেতার স্বপ্নের বোঝা এখন তার ঘাড়ে।

এই স্বপ্ন পূরণের পথে কোচের তুরুপের তাস হতে পারেন লিওনেল মেসি। রিয়ালের বিপক্ষে সবচেয়ে বেশি গোল করা খেলোয়াড় তিনি। সঙ্গে চ্যাম্পিয়নস লিগের এই আসরে সর্বোচ্চ গোলদাতা হচ্ছেন মেসি।